144
05
তারিখ ... 05 SEP 1996
পৃষ্ঠা ৭৪ কলাম ২

দৈনিক ইত্তেফাক

# বগুড়ায় কলেজ খুলিয়া শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার দাবী

বগুড়া অফিস ॥ গতকাল (মঙ্গলবার) বগুড়া প্রেসক্লাবে ছাত্রলীগ (শা-পা) আযিযুল হক বিশ্ববিদ্যালয় কলেজ শাখার উদ্যোগে আয়োজিত সাংবাদিক সম্মেলনে বলা হয়, বগুড়ায় বাস হেলপারের ধাক্কায় রাস্তায় পড়িয়া কলেজের ছাত্র খয়রুল ইসলাম নিহত হওয়ার ঘটনায় এবং পুলিশের গুলীতে ও নির্যাতনে আরও ৩ জন ছাত্র নিহত হওয়ার প্রতিবাদে আমরা সর্বদলীয় ছাত্র ঐক্যের ব্যানারে হরতালসহ বিভিন্ন কর্মসূচী পালন করি। পরবর্তীতে প্রধানমন্ত্রী বগুড়া আসেন এবং সুধীবৃন্দের সঙ্গে মত বিনিময় করিয়া সুপ্রীম কোর্টের একজন বিচারপতির নেতৃত্বে তদন্ত কমিটি গঠন, ঘটনার সহিত জড়িত পুলিশ কর্মকর্তাদের তাৎক্ষণিকভাবে সাসপেণ্ড করার নির্দেশ প্রদান করেন।

(১১শ পৃ: ২-এর ক: দ্র:)

## বগুড়ায় কলেজ খুলিয়া

(শেষ পৃঃ পর)

নিহতদের পরিবারকে ১ লক্ষ টাকা ক্ষতিপূরণ দেন, আহত একজনকে হেলিকপ্টারে করিয়া ঢাকায় লইয়া যান, আহত অন্যজনের চিকিৎসার জন্য মাদ্রাজ প্রেরণের ব্যবস্থাসহ তাহাকে ৭৫ হাজার টাকা প্রদান করেন।

সাংবাদিক সম্মেলনে ছাত্র নেতারা আরো বলেন, আমরা দুঃখের সঙ্গে লক্ষ্য করিতেছি যে, ছাত্র হত্যার বিচারকে পাশ কাটাইয়া ছাত্র ঐক্যের ব্যানারকে ব্যবহার করিয়া অস্থিতিশীল পরিবেশ সৃষ্টি করিবার জন্য ছাত্রদলের নেতৃবৃন্দ ষড়যন্ত্র করিতেছে। তাহারা শিক্ষার সুষ্ঠু পরিবেশ গড়িয়া তোলার পরিবর্তে একের পর এক হরতালের কর্মসূচী দিতেছে। ছাত্রলীগ নেতৃবৃন্দ অবিলম্বে কলেজ খুলিয়া দিয়া শিক্ষার পরিবেশ ফিরাইয়া আনার জন্য কলেজ প্রশাসনের নিকট দাবী জানান। তাহারা বিচার বিভাগীয় তদন্ত কমিটিকে সহায়তা করার জন্য সকলের প্রতি আবেদন জানান। আযিযুল হক কলেজ, ছাত্রলীগ শাখার সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম ডাবলু ও অন্যান্য নেতা বক্তব্য রাখেন।